# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা

বিষয়: **বিসিআইসি প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর চতুর্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী।**

সভার সভাপতি : জনাব মোঃ এহছানে এলাহী, চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি ও আহবায়ক, নৈতিকতা কমিটি, বিসিআইসি;

সভার তারিখ ও সময় : ২১-০৬-২০২১ খ্রিস্টাব্দ, সকাল ১১.৩০ ঘটিকা;

সভার স্থান : বিসিআইসি কনফারেন্স রুম (৫ম তলা)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৩-০৩-২০২১ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অত:পর সভাপতি সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য আহবান জানান। তৎপরিপ্রেক্ষিতে সংস্থার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোহাম্মদ জাকির হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/শাখা |
|---|---|---|---|
| ০১. | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | সভার সূচনায় গত ২৩-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি নৈতিকতা কমিটির ২০২০-২০২১ মেয়াদের ৩য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা' নিশ্চিত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>**সিদ্ধান্ত:** গত ২৩-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি নৈতিকতা কমিটির ২০২০-২০২১ মেয়াদের ৩য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী পাঠান্তে নিশ্চিত করা হল। | |
| ০২. | ২০১৯-২০২০ মেয়াদের শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা। | ২০১৯-২০২০ মেয়াদে সংস্থার শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান ২১-০৬-২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সংস্থার পরিচালকমন্ডলী, নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ ও বিভাগীয় প্রধানগণের উপস্থিতিতে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্যে সংস্থার চেয়ারম্যান জনাব মোঃ এহছানে এলাহী বলেন যে, যারা পুরস্কার পেয়েছেন তাদেরকে রোল মডেল হিসেবে আমরা অনুসরণ করবো। তারা আরো দায়িত্বশীলতার সাথে কাজে ব্রতী হবেন। আর যারা পাননি তারা উৎসাহিত হবেন। চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন যে, একজন কর্মচারী সততা, দক্ষতা, নিয়মানুবর্তিতা, শৃংখলাসহ ব্যক্তিগত আচরণের মাধ্যমে সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী দেশ ও নাগরিক সেবা যথাযথ নিশ্চিত করতে পারলেই তাকে শুদ্ধাচারী বলা যেতে পারে। অন্যথায় নয়। প্রধান অতিথি নিম্নোক্ত কর্মচারীগণকে ২০১৯-২০২০ মেয়াদের শুদ্ধাচার পুরস্কারের চেক ও সম্মাননা পত্র হস্তান্তর করেন: | বাস্তবায়ন: সংস্থার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট। |

| ক্রম | ক্যাটাগরী | নাম ও পদবী |
|---|---|---|
| ১। | কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্প প্রধান ও ভারপ্রাপ্ত পরিচালকগণের মধ্য হতে | জনাব মোঃ আমিন উল আহসান<br>পরিচালক (বাণিজ্যিক) ও যুগ্ম সচিব<br>পরিচিতি নম্বর: ৫৯৬৫ |
| ২। | সংস্থার গ্রেড-২ হতে গ্রেড-১০ ভূক্ত কর্মচারীদের মধ্য হতে। | জনাব এ এম রেফাত উল্যাহ<br>অপারেশন অফিসার<br>এমপ্লয়ী নং-৭৯২৮-৫ |
| ৩। | সংস্থাধীন কারখানা/ প্রতিষ্ঠানসমূহের গ্রেড-৩ (কারখানা প্রধান ব্যতিত) গ্রেড-১০ ভূক্ত কর্মচারীদের মধ্য হতে | জনাব পংকজ কান্তি দত্ত, রসায়নবিদ<br>ছাতক সিমেন্ট কোম্পানী লিমিটেড<br>এমপ্লয়ী নং-৫৪৯১-৬ |
| ৪। | গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভূক্ত কর্মচারীদের মধ্য হতে। | জনাব মোঃ আশরাফুল আনোয়ার<br>সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর,<br>এমপ্লয়ী নং-৮১৮৮-৫<br>পরিচালক (পরি. ও বা.) এর দপ্তর |

শুদ্ধাচার পুরস্কার প্রদানের সার্বিক কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সিদ্ধান্ত: : পুরস্কারপ্রাপ্তদের তালিকা সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করাসহ সংস্থাধীন সকল কারখানা ও প্রতিষ্ঠানের প্রধান ফটকে ডিসপ্লে হিসেবে প্রদর্শন করতে হবে এবং প্রতি বছর এই পুরস্কারের ধারা অব্যাহত রাখতে হবে।

<table>
<tr>
<td>০৩.</td>
<td>সার ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন</td>
<td>সংস্থার বিপণন বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত " বিসিআইসি সার পরিবহন, বিতরণ, গ্রহণ ও মজুদ নীতিমালা ২০২১ " এর খসড়া বিগত সভায় উপস্থাপন করা হলে বহু পাক্ষিক আলোচনা ও পর্যালোচনার জন্য উর্ধতন মহাব্যবস্থাপক (উৎপাদন)কে আহবায়ক করে ০৭ সদস্য বিশিষ্ঠ একটি কমিটি গঠণ করা হয়। নির্ধারিত সময়ে প্রতিবেদন জমা না দেওয়ায় গত ০৭-০৬-২০২১ তারিখে মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য কমিটিকে পত্র প্রদান করা হলে কমিটির তরফ হতে আগামী ৩০-০৬-২০২১ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধির জন্য অনুরোধ জানান। বিষয়টি একটি নীতি নির্ধারণী কার্যক্রম বিধায় কমিটি কর্তৃক চাহিত তারিখ বর্ধিত করণের বিষয়ে আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত: "বিসিআইসি সার পরিবহন, বিতরণ, গ্রহণ ও মজুদ নীতিমালা ২০২১" প্রণয়নপূর্বক আগামী ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য কমিটিকে পরামর্শ দেয়া হয়।</td>
<td>বাস্তবায়নে:<br>উর্দ্ধতন মহাব্যবস্থাপক (উৎপাদন)</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>কারখানা পর্যায়ে কর্মকর্তাদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান</td>
<td>সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়নের উপর প্রশিক্ষণের আয়োজনের জন্য ২৩-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত বিসিআইসি নৈতিকতা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। কিন্ত কোভিড মহামারীর কারণে দাপ্তরিক কার্যক্রম সীমিত পরিসরে চলমান থাকায় প্রশিক্ষণের আয়োজন করা সম্ভব হয়নি। তবে ২০২১-২০২২ মেয়াদে মাঠ পর্যায়ে শুদ্ধাচার কর্ম কৌশল যাতে সঠিকভাবে প্রণয়ন করা হয় সে ব্যাপারে বিশেষ দৃষ্টি রাখার জন্য সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্টকে পরামর্শ দেওয়া হয়। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট উল্লেখ করেন যে, পুর্বের সিদ্ধান্ত অনুযায়ী অঞ্চল ভিত্তিক কারখানা পর্যায়ের NIS কমিটির সদস্যবৃন্দের প্রশিক্ষণ প্রদানের বিষয়টি বিবেচনাধীন আছে তবে কোন কারণে স্বশরীরে প্রশিক্ষণের আয়োজন করা না গেলে সেক্ষেত্রে জুম এ্যাপস এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>সিদ্ধান্ত: সংস্থাধীন চলমান কারখানার ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট এবং প্রয়োজনে NIS কমিটির সদস্যবৃন্দসহ নিম্নোক্ত ভ্যেনু অনুযায়ী স্বশরীরে উপস্থিত থেকে প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে উদ্ভুত পরিস্থিতির কারণে স্বশরীরে উপস্থিত থেকে প্রশিক্ষণ দেওয়া সম্ভব না হলে জুম এ্যাপস এর মাধ্যমে প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণেরও পরামর্শ দেওয়া হয়:<br><br>
<table>
<tr><th>অঞ্চল ভিত্তিক কারখানা/প্রতিষ্ঠান</th><th>প্রশিক্ষণ ভ্যেনু</th><th>অংশ গ্রহণকারী</th></tr>
<tr><td colspan="3">ঢাকা অঞ্চল</td></tr>
<tr><td>জেএফসিএল, এএফসিএল, টিআইসিআই, বিআইএসএফ</td><td>বিসিআইসি প্রধান কার্যালয়</td><td>সংশ্লিষ্ট কারখানা/প্রতিষ্ঠানের NIS ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট।</td></tr>
<tr><td colspan="3">চট্রগ্রাম অঞ্চল</td></tr>
<tr><td>কেপিএম, টিএসপি, ডিএপিএফসিএল, সিইউএফএল, ইউজিএফএফ</td><td>টিএসপি কমপ্লেক্স লিঃ</td><td>সংশ্লিষ্ট কারখানা/প্রতিষ্ঠানের NIS ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট।</td></tr>
<tr><td colspan="3">সিলেট অঞ্চল</td></tr>
<tr><td>এসএফসিএল, সিসিসিএল</td><td>এসএফসিএল</td><td>সংশ্লিষ্ট কারখানা/প্রতিষ্ঠানের NIS ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট।</td></tr>
</table>
</td>
<td>বাস্তবায়নে:<br>১। নিয়োগ ও প্রশিক্ষণ বিভাগ, বিসিআইসি<br>২। সংস্থাধীন কারখানা প্রধান<br>৩। প্রধান কার্যালয়ের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৫. | সংস্থাধীন কারখানা/ প্রতিষ্ঠানসমুহে কর্মরত কমকর্তাদের আইএপি সংক্রান্ত কার্যক্রম গ্রহন | গত ০৮-০৬-২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সভায় মন্ত্রণালয় থেকে জানানো হয় যে সংস্থার সকল কর্মকর্তাদের আইএপি এর আওতায় কার্যক্রম সম্পন্ন করতে হবে। সংস্থার তরফ থেকে জানানো হয় যে, বিসিআইসি প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তাকে আইএপি'র আওতায় আনা হয়েছে। ইতোমধ্যে ২৮০ জন কর্মকর্তাকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট কর্মকর্তাদের কারখানা/প্রতিষ্ঠানে যেয়ে প্রশিক্ষন দেওয়ার কথা থাকলেও কোভিড-১৯ এর প্রকোপ বৃদ্ধিজনিত কারণে প্রশিক্ষন শুরু করা সম্ভব হয়নি। ২০২১-২০২১ বছরে কারখানা পর্যায়ে সকল কর্মকর্তাদের আইএপি আওতায় আনার জন্য মন্ত্রণালয় থেকে পরামর্শ দেওয়া হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>সিদ্ধান্ত : সংস্থাধীন কারখানা পর্যায়ের সকল কর্মকর্তাদের আইএপি আওতায় এনে প্রয়োজনীয় প্রশিক্ষণ আইএপি টিম সম্পাদন করবেন। | বাস্তবায়নে: আইএপি টিম। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ এহছানে এলাহী)
চেয়ারম্যান (গ্রেড-১)
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি, বিসিআইসি